

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা

সপ্তম শ্রেণি

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ ‘পাগলা গণেশ’ গল্পে গণেশের বয়স

- (ক) একশো বছর (খ) দেড়শো বছর
(গ) একশো পাঁচাত্তর বছর (ঘ) দুশো বছর

১.২ ‘কোকনদ’ হলো

- (ক) শ্বেতপদ্ম (খ) রক্তপদ্ম
(গ) নীলপদ্ম (ঘ) হলুদ পদ্ম

১.৩ ‘পাখি সব করে রব রাতি পোহাইল’ - কবিতাটির রচয়িতা

- (ক) আশরাফ সিদ্দিকী (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) মদনমোহন তর্কালঙ্কার (ঘ) যোগীন্দ্রনাথ সরকার

১.৪ শ্রদ্ধেয় রামানন্দ চট্টোপাধ্যায়ের সঙ্গে রামকিঙ্কর বেইজের পরিচয় হয়

- (ক) মেদিনীপুরে (খ) বীরভূমে
(গ) বাঁকুড়ায় (ঘ) কলকাতায়

১.৫ খোকনের বাড়ির সামনেই ছিল একটি

- (ক) বটগাছ (খ) ইউক্যালিপটাস গাছ
(গ) নারকেল গাছ (ঘ) বকুল গাছ

২. খুব সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

২.১ ‘তা আপনার কবিতা শুনছেই বা কে আর পড়ছেই বা কে?’ — একথার উত্তরে শ্রোত কী বলেছিলেন?

২.২ ‘My Native Land, Good night!’

— উদ্ঘৃতিটি কার রচনা থেকে নেওয়া হয়েছে?

২.৩ ‘একুশের কবিতা’য় কোন্ কোন্ গানের সুরের প্রসঙ্গ রয়েছে?

২.৪ ‘অত বড়ো একজন শিল্পীর কাছে শিক্ষালাভ করেছি, আমার সৌভাগ্য।’

— কার স্মৃতিচারণায় কথক একথা বলেছেন?

২.৫ ‘খোকন অবাক হয়ে গেল।’ — কোন্ কথা শুনে খোকন অবাক হলো?

৩. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

৩.১ ‘জীবন হবে পদ্যময়’

— জীবন কীভাবে পদ্যময় হয়ে উঠবে বলে কবি মনে করেন?

৩.২ ‘অমর করিয়া বর দেহ দাসে, সুবরদে!—’

— ‘সুবরদে’ শব্দের অর্থ কী? কবি তাঁর কাছে অমরতার প্রত্যাশী কেন?

৩.৩ ‘সেই তো আমার পরম পুলক’

— ‘আঁকা, লেখা’ কবিতায় কবি কখন পুলকিত হন?

৩.৪ ‘কুতুব মিনারের কথা’ রচনাংশ অনুসরণে কুতুব মিনারের নির্মাণ শৈলীর বিশিষ্টতা আলোচনা করো।

৪. নির্দেশ অনুসারে উত্তর দাও :

৪.১ 'খাটি দেশি শব্দ' বলতে কী বোঝা?

৪.২ 'তদ্ভব শব্দ' কীভাবে গড়ে উঠেছে?

৪.৩ অর্ধ-তৎসম বা ভগ্ন-তৎসম শব্দের দু'টি উদাহরণ দাও।

৪.৪ 'বাঙালি পদবির ইংরেজি ধরনের উচ্চারণে হ্রস্বস্বরচিহ্ন হবে।' — উদাহরণ দাও।

৫. পত্র রচনা করো :

৫.১ তোমাদের অঞ্চলে একটি পাঠাগার স্থাপনের অনুরোধ জানিয়ে ব্লক উন্নয়ন আধিকারিকের কাছে একটি আবেদনপত্র লেখো।

৫.২ বিদ্যালয়ের বার্ষিক পত্রিকা প্রকাশের আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের কাছে একটি চিঠি লেখো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।
